দৈনিক শীতলক্ষা

THE DAILY SHITALAKHA

রেজিঃ নং- ডিএ ৷ ১৭৪৩ ৷ ২৫ তম বর্ষ ৷ ১০৯তম সংখ্যা ৷ নারায়ণগঞ্জ, শনিবার ৷ ৯ জ্যৈষ্ঠ ১৪২৭ বাংলা ৷ ২৯ রমজান ১৪৪১ হিজরী ৷ Saturday, 23 May 2020 ৷ ৪ পৃষ্ঠা ৷ মূল্য ৫.০০ টাকা

খেলা | ধোনির কারিশমায় সেদিন জিতেছিল ভারত

www.dailyshitalakhabd.com
Email-dipunganj@gmail.com

বিনোদন | আইনি জটিলতায় আনুশকা শর্মা

করোনা ভাইরাস সহ সার্বিক পরিস্থিতি এবং সাধারণ মানুষের মাঝে সচেতনা বৃদ্ধিতে

নারায়ণগঞ্জের সাংবাদিক ও পুলিশ সদস্যদের সাথে মত বিনিময় এমপি সেলিম ওসমানের

শীতলক্ষা রিপোর্ট : নারায়ণগঞ্জের করোনা ভাইরাস সহ সার্বিক পরিস্থিতি এবং সাধারণ মানুষের মাঝে সচেতনা বৃদ্ধি সহ ভবিষ্যত নারায়ণগঞ্জকে সুন্দরভাবে গড়ে তোলার লক্ষ্যে নারায়ণগঞ্জের সাংবাদিক ও ৪টি থানা এলাকার পুলিশ এবং শিল্প পুলিশের সাথে পৃথক দুটি মতবিনিময় সভা করেছেন নারায়ণগঞ্জ-৫ আসনের সংসদ সদস্য সেলিম ওসমান।

এ সময় তিনি সাংবাদিক ও পুলিশ সদস্যদের সম্মান জানিয়ে এমপি সেলিম ওসমান ও তাঁর সহধর্মিনী মিসেস নাসরিন ওসমানের ব্যক্তিগত তহবিল এবং বিকেএমইই এর পক্ষ থেকে সাংবাদিক ও পুলিশ প্রশাসনের হাতে ঈদ উপলক্ষ্যে মোট ৩০ লাখ টাকা তুলে দিয়েছেন বলেন জানা গেছে।

করোনা পরিস্থিতি মোকাবেলায় সব থেকে বেশি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে যাচ্ছেন দেশের চিকিৎসক, পুলিশ সদস্য এবং সাংবাদিকবৃন্দরা। এমপি সেলিম ওসমানের পক্ষ থেকে ২০ লক্ষ টাকা দিয়ে

পৃষ্ঠা ২ : কলাম ১

ছবি- তাপস সাহা

সিদ্ধিরগঞ্জে সড়ক দুর্ঘটনায় নিহত ৩, আহত ৫

শীতলক্ষা রিপোর্ট : নারায়ণগঞ্জের সিদ্ধিরগঞ্জে সড়ক দুর্ঘটনায় নিহত হয়েছেন তিনজন। আহত হয়েছেন আরও পাঁচজন। নিহতদের লাশ উদ্ধার করে নারায়ণগঞ্জ জেনারেল হাসপাতালের মর্গে পাঠানো হয়েছে। শুক্রবার (২২ মে) সকাল সাড়ে ৯টায় সিদ্ধিরগঞ্জের সানারপাড় এলাকায় ঢাকা-চট্টগ্রাম মহাসড়কে এ দুর্ঘটনা ঘটে। দ্রুতগামী একটি মাইক্রোবাস পিকআপের পেছনে ধাক্কা দিলে পিকআপের তিন আরোহি ঘটনাস্থলেই মারা যায় বলে জানিয়েছে পুলিশ।

নিহতরা হলেন- চাঁদপুরের মতলব উত্তরের রফিকুল ইসলাম (৬২), গাইবান্ধা জেলার পলাশবাড়ী এলাকার মাহাদীপুরের মিনু মিয়া (৫৮) ও মুন্সীগঞ্জের টুঙ্গীবাড়ি এলাকার বোরহান উদ্দিন

পৃষ্ঠা ২ : কলাম ২

নারায়ণগঞ্জে করোনাভাইরাসে মারা গেছেন আরও ৩ জন



শীতলক্ষা রিপোর্ট : নারায়ণগঞ্জে গত ২৪ ঘণ্টায় করোনাভাইরাসে মারা গেছেন ৩ জন এবং আক্রান্ত হয়েছেন আরও ৩৯ জন। এই নিয়ে নারায়ণগঞ্জে মরণঘাতি করোনা ভাইরাসে মোট মৃত্যু ৬৯ এবং আক্রান্ত মোট ১৯১৭ জন। আশঙ্কাজনক হারে বাড়ছে এই আক্রান্ত ও মৃত্যুর সংখ্যা। করোনা ভাইরাস থেকে এই পর্যন্ত সুস্থ হয়েছেন ৬১৬ জন।

শুক্রবার (২২ মে) সকালে জেলা স্বাস্থ্য বিভাগ সূত্রে এই তথ্য জানা যায়।

নারায়ণগঞ্জে আক্রান্তের সংখ্যা সিটি কর্পোরেশন এলাকায় ৮৮৮ জন, আক্রান্ত মোট ১৯১৭ জন। আশঙ্কাজনক হারে বাড়ছে এই আক্রান্ত ও মৃত্যুর সংখ্যা। করোনা ভাইরাস থেকে এই পর্যন্ত সুস্থ হয়েছেন ৬১৬ জন।

শুক্রবার (২২ মে) সকালে জেলা স্বাস্থ্য বিভাগ সূত্রে এই তথ্য জানা যায়।

নারায়ণগঞ্জে আক্রান্তের সংখ্যা সিটি কর্পোরেশন এলাকায় ৮৮৮ জন, আক্রান্ত মোট ১৯১৭ জন। আশঙ্কাজনক হারে বাড়ছে এই আক্রান্ত ও মৃত্যুর সংখ্যা। করোনা ভাইরাস থেকে এই পর্যন্ত সুস্থ হয়েছেন ৬১৬ জন।

শুক্রবার (২২ মে) সকালে জেলা স্বাস্থ্য বিভাগ সূত্রে এই তথ্য জানা যায়।

নারায়ণগঞ্জে আক্রান্তের সংখ্যা সিটি কর্পোরেশন এলাকায় ৮৮৮ জন, সদর উপজেলায় ৪৬, আড়াইহাজারে ৬৪, সোনারগাঁয়ে ১২৮ ও রূপগঞ্জে ১৫৩ জন। সিটি কর্পোরেশন এলাকায় মারা গেছেন ৪৭ জন, সদরে ১৬, বন্দরে ১, রূপগঞ্জে ১ ও সোনারগাঁয়ে ৪ জন।

করোনা রোগীর সংখ্যা বাড়ার পাশাপাশি করোনা-মুক্তির সংখ্যাও উল্লেখযোগ্য বৃদ্ধি পেয়েছে। মোট সুস্থ হয়ে উঠেছেন ৬১৬ জন। গত ২৪ ঘন্টায় নতুন করে সুস্থ হয়ে উঠেছেন ৯৪ জন। তারমধ্যে

পৃষ্ঠা ২ : কলাম ৫

প্রধানমন্ত্রীর প্রদত্ত ঈদ পোশাক বিরতনের জন্য হস্তান্তর করলেন এমপি সেলিম ওসমান

পবিত্র ঈদ উল ফিতর উপলক্ষ্যে অসহায় দু:স্থ মানুষের বিতরনের জন্য প্রধানমন্ত্রীর দপ্তর থেকে নারায়নগঞ্জ-৫ আসনের সংসদ সদস্য সেলিম ওসমানের কাছে ২০০ পিছ শাড়ী, ৬০ পিছ সেলোয়ার কামিজ ও ৫৫ পিছ শিশুদের পোশাক প্রদান করা হয়েছে। সেগুলো অসহায় মানুষের কাছে পৌছে দিতে মহানগর আওয়ামী মহিলা লীগের সভাপতি ইশরাত জাহান স্মৃতির কাছে হস্তান্তর করেছেন এমপি সেলিম ওসমান।

শুক্রবার ২২ মে বিকেল ৫টায় শহরের চাষাড়া এলাকায় অবস্থিত বিকেএমইএ প্রধান কার্যালয় থেকে ইসরাত জাহান স্মৃতির কাছে পোশাক গুলো হস্তান্তর করেন এমপি সেলিম ওসমান।

এ সময় আরো উপস্থিত ছিলেন নারায়ণগঞ্জ চেম্বার অব কমার্স

পৃষ্ঠা ২ : কলাম ৫

নারায়ণগঞ্জে করোনা রোগীদের চিকিৎসা

নিয়মিত আপডেট নিচ্ছেন সেলিম ওসমান

কোনো রোগীকে যেনো অহেতুক ঢাকায় রেফার্ড করা না হয় সেদিকেও রয়েছে তার নজর

শীতলক্ষা রিপোর্ট : প্রতি মুহুর্তে নারায়ণগঞ্জ করোনা হাসপাতালের (খানপুর ৩০০ শয্যা হাসপাতাল) আপডেট নিচ্ছেন সেলিম ওসমান এমপি। দিনে কতোজন রোগী ভর্তি হলো এবং রোগীরা সঠিক চিকিৎসা পাচ্ছে কিনা এ ব্যাপারে নিয়মিত খোঁজ খবর নিচ্ছেন তিনি। একই সঙ্গে তিনি এই হাসপাতালের ডাক্তার, নার্স এবং কর্মকর্তা কর্মচারিদেরও খোঁজ নিচ্ছেন বলে জানিয়েছে সেলিম ওসমান এমপির ঘনিষ্ঠ সূত্র এবং হাসপাতাল সূত্র। সেলিম ওসমান জানিয়েছেন তার প্রচেষ্টা থাকবে করোনায় আক্রান্ত গিরিয়াস রোগীরাও যাতে এখানে সম্পূর্ন চিকিৎসা পায়। কাউকে যাতে ঢাকায় যেতে না হয়। হাসপাতাল কর্তৃপক্ষকেও বলা হয়েছে কোনো রোগীকে যেনো অহেতুক ঢাকায় রেফার্ড করা না হয়। কারন নারায়ণগঞ্জের রোগীরা ঢাকায় গেলে এমনিতেই আতংকগ্রস্ত হয়ে পরেন এবং তাদের বহু টাকা খরচ হয়। তাই খানপুর হাসপাতালেই যেনো সর্বাত্তক চিকিৎসা দেয়া হয় সেদিকে রয়েছে সেলিম ওসমান এমপির নজর।

এদিকে সেলিম ওসমান এমপি এরই মাঝে করোনা রোগীদের চিকিৎসার জন্য এক কোটি বারো লাখ টাকার ফান্ড রেখেছেন। প্রয়োজনে আগামী দিনে এই ফান্ড আরো বৃদ্ধি করবেন বলে জানিয়েছেন তার ঘনিষ্ঠ সূত্র। শুধু তাই নয়, বিশ্বব্যাপী

পৃষ্ঠা ২ : কলাম ২

আড়াইহাজারে ম্যাজিস্ট্রেটের অভিযানে বন্ধ হলো মার্কেট

শীতলক্ষা রিপোর্ট : আড়াইহাজারে নিষেধাজ্ঞা অমান্য করে মার্কেট খোলা রাখায় ভ্রাম্যমাণ আদালতের মাধ্যমে অভিযান চালিয়ে তা বন্ধ করে দিয়েছে জেলা প্রশাসন।

শুক্রবার (২২ মে) সকাল ১১টায় উপজেলা নির্বাহী অফিসার সোহাগ হোসেন ও সহকারী কমিশনার (ভূমি) উজ্জল হোসেনের নেতৃত্বে এই অভিযান চালানো হয়।

উপজেলা নির্বাহী অফিসার সোহাগ হোসেন জানান, সরকারী স্বাস্থ্য বিধি মেনে মার্কেট চালু করার অনুমতি দেয়। কিন্তু কোন রকম স্বাস্থ্য বিধি মানছেনা ক্রেতা ও বিক্রেতাগণ

পৃষ্ঠা ২ : কলাম ৫

না.গঞ্জে ভুতুরে বিদ্যুৎ বিলে দিশেহারা গ্রাহকরা

শীতলক্ষা রিপোর্ট : এবার বিদ্যুৎ বিল নিয়ে চরম বিপাকে পরেছে নারায়ণগঞ্জের সর্ব স্তরের গ্রাহকরা। তাদের অভিযোগ করোনার এই মহামারির সময় একেতো তাদের কোনো আয়রোজগার নেই, তার উপর তাদের উপর ভুতুরে বিদ্যুৎ বিল চাপিয়ে দেয়া হয়েছে। মিটার রিডাররা রিডিং না দেখেই মনগড়া ভাবে বিল করেছে বলে তারা মনে করেন। এতে স্বাভাবিক অবস্থার চেয়ে অনেক বেশি বিল এসেছে। গ্রাহকরা জানিয়েছে এবার

পৃষ্ঠা ২ : কলাম ৫

বিদ্যুৎ বিল

দীর্ঘ ৩৭ বছর যাবৎ রোজাদারদের ঘুম ভাঙ্গানোর কাজ করে যাচ্ছেন শামীম

শীতলক্ষা রিপোর্ট : করোনাকারীন সময়ে পুলিশের বাধা উপেক্ষা করে বিগত বছর সালার মতো এ বছরও রোজাদারদের সেহরী খেতে ডেকে তোলার মহান কাজটি করেছেন মোঃ শামীম। গত ৩৬ বছরের মতো এবছরও তিনি তার এ মহৎ কাজটি অব্যাহত রেখেছেন। দীর্ঘদিন এ মহৎ কাজটি তিনি বিনা পয়সায় স্বেচ্ছাশ্রমের ভিত্তিতে করে যাচ্ছেন। আমলাপাড়ার বাসিন্দা

পৃষ্ঠা ২ : কলাম ৫

ফতুল্লায় ৬ বছরের শিশু ধর্ষিত : বৃদ্ধ ধর্ষক গ্রেফতার

শীতলক্ষা রিপোর্ট : ফতুল্লার মাসদাইরে ছয় বছরের শিশু কন্যাকে ধর্ষন করেছে ৮০ বছরের এক বৃদ্ধ ঘটনাটি ঘটেছে ফতুল্লার পশ্চিম মাসদাইরের বেকারী মোড়ের

পৃষ্ঠা ২ : কলাম ৩

সম্পাদকের শুভেচ্ছা

পবিত্র ঈদ-উল-ফিতর উপলক্ষে দৈনিক শীতলক্ষা পত্রিকার সকল সাংবাদিক, কর্মকর্তা-কর্মচারী, পাঠক-পাঠিকা, শুভানুধ্যায়ী এবং বিজ্ঞাপনদাতাদের জানাই ঈদ মোবারক। -সম্পাদক

ছুটির নোটিশ

পবিত্র ঈদ-উল-ফিতর উপলক্ষে আজ ২৩ মে থেকে ৩০ মে পর্যন্ত দৈনিক শীতলক্ষা'র সকল বিভাগ বন্ধ থাকবে। তাই ২৪ মে থেকে ৩১ মে পর্যন্ত পত্রিকা প্রকাশিত হবে না। আগামী ১ জুন পত্রিকা প্রকাশিত হবে।

-সম্পাদক

সেলিম ওসমানের দেওয়া চাল ডাল প্রতিবন্ধী ও গর্ভবর্তীদের মাঝে বিতরন করলেন ইউএনও

শীতলক্ষা রিপোর্ট : নারায়ণগঞ্জ-৫ আসনের আওতাধীন ৭টি ইউনিয়নের ও উপজেলার নারী জনপ্রতিনিধিদের মাধ্যমে ১৫ হাজার পরিবারের মাঝে বিতরনের জন্য ৩ লাখ কেজি চাল ও ৩০ হাজার কেজি মুসুরি ডালের মধ্যে ১৩৬টি অসহায় পরিবারের মাঝে চাল ডাল বিতরন করেছেন বন্দর উপজেলার নির্বাহী কর্মকর্তা(ইউএনও) শুক্তা সরকার। শুক্রবার ২২ মে সকালে তিনি প্রতিবন্ধী, গর্ভবতী, বিধবা এবং চর ধলেশ্বরী এলাকায় অসহায়

পৃষ্ঠা ২ : কলাম ৪

তিন দিনে ৫ মৃতদেহ সৎকারে কাউন্সিলর খোরশেদ

শীতলক্ষা রিপোর্ট : করোনার এই দুর্যোগে হয়তো পরিস্থিতিই এমন হয়েছে যে স্বজনের মৃতদেহটাও যেন অছ্যুৎ। ঘন্টার পর ঘন্টা মৃতদেহ পড়ে থাকলেও সৎকারের ব্যবস্থা করবেন এমন লোক পাওয়া যাচ্ছিল না। সে সময় কিছু স্বেচ্ছাসেবীদের নিয়ে দল গঠন করে এগিয়ে এলেন নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের ১৩ নম্বর ওয়ার্ড কাউন্সিলর মাকছুদুল আলম খন্দকার খোরশেদ। গত তিনদিনে ৫ জনের মৃতদেহ সৎকার করেছে খোরশেদ ও তার দল (টিম খোরশেদ-১৩)। এখন পর্যন্ত ৫৪ মৃতদেহ সৎকার করেছে তারা। মৃতদের অধিকাংশেই করোনাভাইরাসে আক্রান্ত কিংবা উপসর্গ নিয়ে মারা যাওয়া ব্যক্তি। নিজে মুসলমান হলেও

পৃষ্ঠা ২ : কলাম ৩

জয় বাংলা | আল্লাহু সর্বশক্তিমান | জয় বঙ্গবন্ধু

করোনা ভাইরাস নিয়ে আতঙ্কিত না হয়ে সতর্ক হোন

করণীয়:

- ঘন ঘন দুই হাত সাবান পানি দিয়ে কমপক্ষে ২০ সেকেন্ড যাবৎ পরিষ্কার করুন
- হাঁচি-কাশির সময়ে টিস্যু অথবা কাপড় দিয়ে বা বাহুর ভাঁজে নাক-মুখ ঢেকে ফেলুন। ব্যবহৃত টিস্যু ঢাকনাযুক্ত ময়লার পাত্রে ফেলুন ও হাত পরিষ্কার করুন।
- হ্যান্ডশেক, কোলাকুলি থেকে বিরত থাকুন
- জনবহুল স্থানে বা গণপরিবহনে মুখে মাস্ক ব্যবহার করুন। যথাসম্ভব জনসমাগম পরিহার করুন।
- জ্বর, সর্দি, শুকনো কাশি, মাথাব্যথা গলাব্যথা ও শরীর ব্যথা হলে অবিলম্বে চিকিৎসকের পরামর্শ নিন
- যেখানে সেখানে থুতু ফেলবেন না
- রান্নার আগে খাবার ভালো করে ধুয়ে নিন এবং সেদ্ধ করুন
- ময়লা কাপড় বেশি দিন জমিয়ে রাখবেন না, দ্রুত ধুয়ে ফেলুন

বাংলাদেশ আওয়ামী লীগ

প্রচারে ঃ আলহাজ্ব এম সাইফ উল্লাহ্ বাদল, সভাপতি, ফতুল্লা থানা আওয়ামীলীগ